রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**শনিবার, জুলাই ৫, ২০২৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**সঞ্চয় শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আষাঢ় ১৪৩২ বঙ্গাব্দ/৩০ জুন ২০২৫ খ্রিষ্টাব্দ

**নং ০৮.০০.০০০০.০০০.০৪১.২২.০০০৬.২০.৮৫**—জাতীয় সঞ্চয় অধিদপ্তর কর্তৃক ইস্যুকৃত 'জাতীয় সঞ্চয় স্কীম'সমূহের 'জুলাই-ডিসেম্বর', ২০২৫ সময়কালের জন্য বিনিয়োগের শ্রেণিসীমার ভিত্তিতে দুই ধাপে (৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নে এবং ৭.৫০ লক্ষ টাকার ঊর্ধ্বে) নিম্নরূপভাবে পুনঃনির্ধারণ করা হইলো:

| ক্রম | 'জাতীয় সঞ্চয় স্কীম' এর নাম | মেয়াদ | ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ এর পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | ৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নের বিনিয়োগের ক্ষেত্রে: | ৭.৫০ লক্ষ টাকার ঊর্ধ্বে বিনিয়োগের ক্ষেত্রে: |
| | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | |
| ০১। | ৫-বছর মেয়াদী বাংলাদেশ সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৭৪ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.২১ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৭২ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.২৬ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৮৩ | ১১.৮০ |
| ০২। | ৩-মাস অন্তর মুনাফাভিত্তিক সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ১০.৬৫ | ১০.৬০ |
| | | ২য় বছরান্তে | ১১.২২ | ১১.১৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.৮২ | ১১.৭৭ |



**মূল্য :** টাকা ৪.০০

| ক্রম | 'জাতীয় সঞ্চয় স্কীম' এর নাম | মেয়াদ | ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ এর পরিমাণ | |
|---|---|---|---|---|
| | | | ৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নের বিনিয়োগের ক্ষেত্রে: | ৭.৫০ লক্ষ টাকার উর্ধ্বে বিনিয়োগের ক্ষেত্রে: |
| | | | পুনঃনির্ধারিত মুনাফার হার (%) | |
| ০৩। | পেনশনার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৮৪ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.৩২ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৮৪ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.৩৯ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৯৮ | ১১.৮০ |
| ০৪। | পরিবার সঞ্চয়পত্র | ১ম বছরান্তে | ৯.৮১ | ৯.৭২ |
| | | ২য় বছরান্তে | ১০.২৯ | ১০.১৯ |
| | | ৩য় বছরান্তে | ১০.৮০ | ১০.৭০ |
| | | ৪র্থ বছরান্তে | ১১.৩৫ | ১১.২৩ |
| | | ৫ম বছরান্তে | ১১.৯৩ | ১১.৮০ |
| ০৫। | ডাকঘর সঞ্চয় ব্যাংক মেয়াদী হিসাব | ১ম বছরান্তে | ১০.৬৫ | ১০.৬০ |
| | | ২য় বছরান্তে | ১১.২২ | ১১.১৬ |
| | | ৩য় বছরান্তে | ১১.৮২ | ১১.৭৭ |

০২। মেয়াদপূর্তির পূর্বে নগদায়নের ক্ষেত্রে উপরে উল্লিখিত ছকে বর্ণিত বছরভিত্তিক হারে মুনাফা প্রাপ্য হইবে;

০৩। পূর্বের বিনিয়োগের পরিমাণসহ ক্রমপুঞ্জিভূত বিনিয়োগ (এক বা একাধিক স্কীমে মোট বিনিয়োগের সমষ্টি) বিবেচনাপূর্বক উভয় ধাপে (৭.৫০ লক্ষ টাকা ও এর নিম্নে এবং ৭.৫০ লক্ষ টাকার উর্ধ্বে) বিনিয়োগসীমার ভিত্তিতে প্রযোজ্য হারে মুনাফা প্রাপ্য হইবে;

০৪। 'জাতীয় সঞ্চয় স্কীম' এর আওতায় ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার প্রিমিয়াম বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ডাকঘর সঞ্চয় ব্যাংক সাধারণ হিসাব—এ ৪টি স্কীমের মুনাফার হার অপরিবর্তিত থাকিবে;

০৫। এ আদেশ ০১ জুলাই ২০২৫ তারিখ হইতে কার্যকর হইবে। ০১ জুলাই ২০২৫ তারিখের পূর্বে ইস্যুকৃত সকল 'জাতীয় সঞ্চয় স্কীম' এর ক্ষেত্রে ইস্যুকালীন মেয়াদে, ইস্যুকালীন সময়ের মুনাফার হার প্রযোজ্য হইবে। তবে, পুনঃবিনিয়োগের ক্ষেত্রে পুনঃবিনিয়োগের তারিখের মুনাফার হার প্রযোজ্য হইবে;

০৬। এ আদেশ জারি হওয়ার ০৬ (ছয়) মাস পর জাতীয় সঞ্চয় স্কীম-এ বিনিয়োগের মুনাফার হার পুনরায় নির্ধারণ করা হইবে; তবে বিনিয়োগকারী, ইস্যুকালীন সময়ে বিদ্যমান মুনাফার হার, বিনিয়োগকালের পূর্ণ মেয়াদের জন্য প্রাপ্য হইবেন; অর্থাৎ যেই মেয়াদের জন্য তাহা ইস্যু করা হইয়াছিলো, সেই মেয়াদ শেষ হওয়া পর্যন্ত একই হারে মুনাফা প্রাপ্য হইবেন;

০৭। জনস্বার্থে এ আদেশ জারি করা হইলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মো: মোবারক হোসেন**
সহকারী সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd